

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৩৩০৪

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক সাদাকাহ কারীকে দীর্ঘ হাতের সাথে দৃষ্টান্ত পেশ

ذَكَرُ تَمْثِيلِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُتَصَدِّقَ الْكَثِيرَ بِطُولِ الْيَدِ

আরবী

3304 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ مُدْرِكٍ السَّدُوسِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمَّادٍ حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ فِرَاسٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ قَالَ: حَدَّثَنِي عَائِشَةُ: أَنَّ نِسَاءَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اجْتَمَعْنَ عِنْدَهُ لَمْ تَغَادِرْ مِنْهُنَّ وَاحِدَةً قَالَتْ: فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَيُّتُنَا أَسْرَعُ بِكَ لُحُوقًا؟ فَقَالَ: (أَطْوَلُكُنَّ يَدًا) قَالَ: فَأَخَذَنَ قَصَبَةً يَتَذَارَعْنَهَا فَمَاتَتْ سَوْدَةُ بِنْتُ زَمْعَةَ وَكَانَتْ كَثِيرَةَ الصَّدَقَةِ فَظَنْنَا أَنَّهُ قَالَ: أَطْوَلُكُنَّ يَدًا بِالصَّدَقَةِ.

الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3304 | خلاصة حكم المحدث: صحيح - المصدر نفسه: خ , لكن ذكر سودة وهم , والمحفوظ: ((زينب))؛ كما في الذي قبله.

বাংলা

৩৩০৪. আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সব স্ত্রী তাঁর কাছে একত্রিত হন, তাদের একজনও সেখানে অনুপস্থিত ছিলেন না।” আয়িশা রাদিয়াল্লাহু আনহা বলেন, তখন আমি বললাম, “আমাদের মাঝে কে আপনার সাথে সবচেয়ে দ্রুত আপনার সাথে যুক্ত হবে?” তখন তিনি জবাবে বলেন, “তোমাদের মাঝে যে সবচেয়ে দীর্ঘ হাতের অধিকারী।” রাবী বলেন, “অতঃপর তারা একটি বাঁশের খন্ড নেন এবং তাদের হাত মাপতে শুরু করেন। তারপর সাওদা বিনতু যামআহ রাদিয়াল্লাহু আনহা * মারা যান। তিনি প্রচুর পরিমাণে দান করতেন। অতঃপর বুঝতে পারলাম যে, তিনি দীর্ঘ হাত দ্বারা দান করা বুঝিয়েছেন।”[1]

ফুটনোট

[1] নাসাঈ: ৫/৬৬-৬৭; মুসনাদ আহমাদ: ৬/১২১; সহীহুল বুখারী: ১৪২০; বিইহাকী, দালাইলুন নুবুওওয়াহ: ৬/৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। * তবে তিনি বলেন সাওদা রাদিয়াল্লাহু আনহার কথা ভুল। সঠিক হলো যাইনাব রাদিয়াল্লাহু আনহা। (ফিকহুস সীরাহ:৬৩)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92635>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন